



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।

স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৪০৪.১৩-

৪০৯৫

তারিখ: ০৫/১২/২০১৬ খ্রিস্টাব্দ।

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা

-----উপজেলা


-----জেলা

বিষয়: প্রকল্পের আওতায় প্রতি উপজেলায় আদর্শ মহিলা সমিতির বৈশিষ্ট্য।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন “দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্পটি সরকারে একটি দারিদ্র বিমোচন ও পল্লী উন্নয়ন প্রকল্প। প্রকল্পের আওতায় গ্রামের অসহায়, দরিদ্র ও সুবিধা বঞ্চিত নারীদের সংগঠিত করে বিভিন্ন উৎপাদনমুখী কর্মকাণ্ডের উপর প্রশিক্ষণ প্রদান ও প্রশিক্ষণোত্তর ঋণ সহায়তা প্রদানের মাধ্যমে তাদেরকে আত্মনির্ভরশীল হিসাবে গড়ে তোলা হচ্ছে। প্রকল্পের কার্যক্রম আরও সফল ও গতিশীল করার লক্ষ্যে প্রকল্পভুক্ত প্রতিটি উপজেলায় ন্যূনতম ০৩ (তিন)টি আদর্শ মহিলা সমিতি থাকা বাধ্যতামূলক। আদর্শ মহিলা সমিতির বৈশিষ্ট্য নিম্নরূপ:


- ১। আদর্শ সমিতিতে নিয়মিত সাপ্তাহিক উঠান বৈঠক অনুষ্ঠিত হতে হবে। সাপ্তাহিক সভায় সদস্যদের মধ্যে সচেতনতা জাগ্রত করাসহ উঠান বৈঠকে সমিতির সকল সদস্যকে নিয়মিত সঞ্চয় জমা ও ঋণের কিস্তি পরিশোধে অনুপ্রাণিত করতে হবে;
- ২। আদর্শ সমিতির সকল সদস্যের বিভিন্ন আইজিএ এর উপর প্রকল্প হতে স্বল্প ও দীর্ঘ মেয়াদী প্রশিক্ষণ থাকতে হবে;
- ৩। আদর্শ সমিতির সদস্যদেরকে গৃহীত প্রশিক্ষণের বিপরীতে আদায় নিশ্চিত হওয়া সাপেক্ষে চাহিদা মোতাবেক ঋণ প্রদান করা যাবে;
- ৪। সমিতির সকল সদস্য গৃহীত ঋণের অর্থ যেন দৃশ্যমান ও লাভজনক কর্মকাণ্ডে ব্যবহার করে সেই বিষয়টি নিশ্চিত হতে হবে;
- ৫। সমিতির সদস্যগণ নিজ নিজ কর্মকাণ্ডে যেন সফলতা পায় সেই বিষয়ে তাদেরকে প্রকল্পের সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী নিয়মিত মনিটরিং, পরামর্শ ও সহযোগীতা করবেন;
- ৬। আদর্শ মহিলা সমিতির প্রত্যেক সদস্যের দারিদ্র বিমোচন ও আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি নিশ্চিত হতে হবে।
- ৭। আদর্শ সমিতির আওতাভুক্ত নারীদের উন্নয়নের জন্য তাদেরকে জাতিগঠনমূলক বিভাগ সমূহের উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে থেকে বিভিন্ন সেবা প্রাপ্তির বিষয়ে অবহিত করণসহ সুযোগ সৃষ্টি করতে হবে;
- ৮। আদর্শ সমিতির সদস্যগণ স্বাস্থ্য সম্মত পায়খানা ব্যবহার ও বিশুদ্ধ পানি পান করবেন। সমিতির সদস্যগণকে বাল্যবিবাহ ও যৌতুক আদান-প্রদান বিষয়ে নিরুৎসাহিত করতে হবে এবং তাদের পোষ্যদের (সন্তান-সন্ততি) নৈতিক শিক্ষা অর্জনসহ বিদ্যার্জনের জন্য বিদ্যালয়ে পাঠানোর উদ্যোগ নিতে হবে;
- ৯। আদর্শ সমিতিতে প্রতি বছর গণতান্ত্রিকভাবে নির্বাচনের মাধ্যমে সমিতি ব্যবস্থাপনা/পরিচালনা কমিটি গঠন করতে হবে।

এমতাবস্থায় আপনার উপজেলায় উপর্যুক্ত বৈশিষ্ট্যের আলোকে প্রকল্পভুক্ত ন্যূনতম ০৩ (তিন)টি সমিতিকে আদর্শ সমিতি হিসাবে গড়ে তোলার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।


প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আকাম
প্রকল্প পরিচালক (ইরেসপো)
বিআরডিবি, ঢাকা।

অবগতি জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। উপপরিচালক, বিআরডিবি, -----জেলা।
- ২। প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৩। সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো), বিআরডিবি, -----উপজেলা, -----জেলা।
- ৪। মাঠ সংগঠক (ইরেসপো), বিআরডিবি, -----উপজেলা, -----জেলা।
- ৫। অফিস কপি


(মোঃ হাবিবুর রহমান হাবিব)
সহকারী পরিচালক
ইরেসপো, বিআরডিবি, ঢাকা।